বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ট তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

ফোন: ৮১৮০১৪৪
ফ্যাক্সঃ ৮১৮৯০২৯

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০২৫.১২- ৩৪৪৫

তারিখঃ ২৫/১/২০১৬ খ্রিঃ

**বিষয় ঃ প্রকল্পের জনবলের সাকুল্য বেতনভাতা জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ধারাবাহিকতায় বৃদ্ধিকরণের লক্ষ্যে বেতনভাতা খাতে অর্থের চাহিদা প্রেরণ।**

সূত্রঃ স্মারক নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১৫-১৫ তারিখঃ ১৪/০১/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয় থেকে উন্নয়ন প্রকল্পের কর্মরত জনবলের সাকুল্য বেতন স্কেল/২০১৫ এর ধারাবাহিকতায় বৃদ্ধিকরণের পরিপত্র জারী হয়েছে (ছায়ালিপি সংযুক্ত)। প্রশাসনিক মন্ত্রণালয় থেকে উক্ত পরিপত্রের অগ্রায়ন পত্র পাওয়ার পরই জাতীয় বেতন স্কেল/২০১৫ সাকুল্য বেতনভাতা প্রদানের উদ্যোগ নেয়া হবে। জুলাই/২০১৫ হতে কার্যকর উক্ত বেতনভাতা বকেয়াসহ পরিশোধের নিমিত্ত প্রকল্প বাস্তবায়ন এলাকার আওতাভূক্ত জেলা ও উপজেলা দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০১৫-২০১৬ অর্থ বছরের বেতনভাতা খাতে প্রকৃত চাহিদা জানা প্রয়োজন। নিম্নবর্ণিত ছকে বেতনভাতা খাত ও অন্যান্য খাতে প্রকৃত চাহিদা প্রতিবেদন আগামী ০৯/০২/১৬খ্রিঃ তারিখের মধ্যে প্রেরনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**ছক**

| কর্মকর্তার নাম | পদবী | ২০১৫ এর জাতীয় স্কেলের সাকুল্য বেতন ভাতা | | | ভ্রমন ভাতা | | | দৈনিক ভাতা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ০১/০৭/১৫ হতে ৩০/০৬/১৬ পর্যন্ত প্রাপ্য (উৎসবভাতা সহ) | ০১/০৭/১৫ হতে ৩১/১২/১৫ পর্যন্ত পরিশোধ (উৎসবভাতা সহ) | ০১/০৭/১৫ হতে ৩০/৬/১৬ পর্যন্ত অর্থের চাহিদা | ০১/০৭/১৫ হতে ৩০/০৬/১৬ পর্যন্ত প্রাপ্য | ০১/০৭/১৫ হতে ৩১/১২/১৫ পর্যন্ত পরিশোধ | ০১/০৭/১৫ হতে ৩০/৬/১৬ পর্যন্ত অর্থের চাহিদা | ০১/০৭/১৫ হতে ৩০/০৬/১৬ পর্যন্ত প্রাপ্য | ০১/০৭/১৫ হতে ৩১/১২/১৫ পর্যন্ত পরিশোধ | ০১/০৭/১৫ হতে ৩০/৬/১৬ পর্যন্ত অর্থের চাহিদা |
| | | | | | | | | | | |

২। ভ্রমনভাতা ও দৈনিক ভাতা খাতে চাহিদা প্রেরণের ক্ষেত্রে প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রকল্প কর্তৃক স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩১৭০ তারিখঃ ১১/১০/২০১৫খ্রিঃ (একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত) পরিপত্রে (ছায়ালিপি সংযুক্ত) উল্লেখিত অনুমোদিত হার অনুসরণযোগ্য। উল্লেখ্য যে, উৎসব ভাতা পূর্বের স্কেল (২০০৯) অনুযায়ী হিসাব করতে হবে।

২৫/০১/১৬
প্রকৌশলী মোঃ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং- ০২-৮১৮০১৪৪

১। উপ-পরিচালক, বিআরডিবি
.................................জেলা।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
........................উপজেলা..........................জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১১

নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ তারিখঃ ১৪/০১/২০১৬ খ্রিঃ

## পরিপত্র

**বিষয়ঃ- উন্নয়ন প্রকল্পে কর্মরত জনবলের সাকুল্য বেতন নতুন জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ধারাবাহিকতায় বৃদ্ধিকরণ।**

গত ১৫ ডিসেম্বর ২০১৫ তারিখে সরকার কর্তৃক জাতীয় বেতন স্কেল ২০১৫ (সরকারী-বেসামরিক) কার্যকর করে প্রজ্ঞাপন জারির প্রেক্ষিতে অর্থ বিভাগের ২৬/০১/২০১০ তারিখের অম/অবি/বাজেট-১১/বিবিধ-৫২/২০০৩/(অংশ-২)/৩৫ নং পরিপত্রে জারীকৃত সাকুল্য বেতন নির্ধারণী ছক নিম্নরূপভাবে সংশোধনপূর্বক জারী করা হলোঃ

**(ক) ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্যঃ**

| গ্রেড | সংশোধিত মূল বেতন | বাড়ি ভাড়া | | চিকিৎসা ভাতা | | টিফিন ভাতা | | মোট সাকুল্য বেতন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৩০-৬-২০১৬ পর্যন্ত প্রদেয় | ০১/৭/২০১৬ হতে প্রদেয় | বিদ্যমান হার | বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | বিদ্যমান | বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | ৩০-৬-২০১৬ পর্যন্ত প্রদেয় | ০১/৭/২০১৬ হতে প্রদেয় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ (২+৩+৫+৭) | ১০ (২+৪+৬+৮) |
| গ্রেড-১ | ৭৮০০০ | ২০০০০ | ৩৯০০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৯৮৭০০ | ১১৮৫০০ |
| গ্রেড-২ | ৬৬০০০ | ১৬৭৫০ | ৩৩০০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৮৩৪৫০ | ১০০৫০০ |
| গ্রেড-৩ | ৫৬৫০০ | ১৪৫০০ | ২৮২৫০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৭১৭০০ | ৮৬২৫০ |
| গ্রেড-৪ | ৫০০০০ | ১২৮৭৫ | ২৫০০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৬৩৫৭৫ | ৭৬৫০০ |
| গ্রেড-৫ | ৪৩০০০ | ১১৯০০ | ২১৫০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৫৫৬০০ | ৬৬০০০ |
| গ্রেড-৬ | ৩৫৫০০ | ১০১৭৫ | ১৯৫২৫ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৪৬৩৭৫ | ৫৬৫২৫ |
| গ্রেড-৭ | ২৯০০০ | ৮২৫০ | ১৫৯৫০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৩৭৯৫০ | ৪৬৪৫০ |
| গ্রেড-৮ | ২৩০০০ | ৬৬০০ | ১২৬৫০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৩০৩০০ | ৩৭১৫০ |
| গ্রেড-৯ | ২২০০০ | ৬৫০০ | ১২১০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ২৯২০০ | ৩৫৬০০ |
| গ্রেড-১০ | ১৬০০০ | ৪৮০০ | ৯৬০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ২১৫০০ | ২৭১০০ |
| গ্রেড-১১ | ১২৫০০ | ৩৮৪০ | ৭৫০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৭১৯০ | ২১৭০০ |
| গ্রেড-১২ | ১১৩০০ | ৩৫৪০ | ৬৭৮০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৫৬৯০ | ১৯৭৮০ |
| গ্রেড-১৩ | ১১০০০ | ৩৩০০ | ৬৬০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৫১৫০ | ১৯৩০০ |
| গ্রেড-১৪ | ১০২০০ | ৩৩০০ | ৬৮০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৪৩৫০ | ১৮৩০০ |
| গ্রেড-১৫ | ৯৭০০ | ৩১৮৫ | ৬৩০৫ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৩৭৩৫ | ১৭৭০৫ |
| গ্রেড-১৬ | ৯৩০০ | ৩০৫৫ | ৬০৪৫ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৩২০৫ | ১৭০৪৫ |
| গ্রেড-১৭ | ৯০০০ | ২৯২৫ | ৫৮৫০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১২৭৭৫ | ১৬৫৫০ |
| গ্রেড-১৮ | ৮৮০০ | ২৮৬০ | ৫৭২০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১২৫১০ | ১৬২২০ |
| গ্রেড-১৯ | ৮৫০০ | ২৮০০ | ৫৬০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১২১৫০ | ১৫৮০০ |
| গ্রেড-২০ | ৮২৫০ | ২৮০০ | ৫৬০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১১৯০০ | ১৫৫৫০ |

(খ) চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজিপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য ঃ

| গ্রেড | সংশোধিত মূল বেতন | বাড়ি ভাড়া | | চিকিৎসা ভাতা | | টিফিন ভাতা | | মোট সাকুল্য বেতন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৩০-৬-২০১৬ পর্যন্ত প্রদেয় | ০১/৭/২০১৬ হতে প্রদেয় | বিদ্যমান হার | বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | বিদ্যমান | বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | ৩০-৬-২০১৬ পর্যন্ত প্রদেয় | ০১/৭/২০১৬ হতে প্রদেয় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ (২+৩+৫+৭) | ১০ (২+৪+৬+৮) |
| গ্রেড-১ | ৭৮০০০ | ১৬০০০ | ৩১২০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৯৪৭০০ | ১১০৭০০ |
| গ্রেড-২ | ৬৬০০০ | ১৩৪০০ | ২৬৪০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৮০১০০ | ৯৩৯০০ |
| গ্রেড-৩ | ৫৬৫০০ | ১১৬০০ | ২২৬০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৬৮৮০০ | ৮০৬০০ |
| গ্রেড-৪ | ৫০০০০ | ১০৩০০ | ২০০০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৬১০০০ | ৭১৫০০ |
| গ্রেড-৫ | ৪৩০০০ | ৯৭০০ | ১৭২০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৫৩৪০০ | ৬১৭০০ |
| গ্রেড-৬ | ৩৫৫০০ | ৮৩২৫ | ১৫৯৭৫ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৪৪৫২৫ | ৫২৯৭৫ |
| গ্রেড-৭ | ২৯০০০ | ৬৭৫০ | ১৩০৫০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ৩৬৪৫০ | ৪৩৫৫০ |
| গ্রেড-৮ | ২৩০০০ | ৫৪০০ | ১০৩৫০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ২৯১০০ | ৩৪৮৫০ |
| গ্রেড-৯ | ২২০০০ | ৫৪০০ | ৯৯০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ২৮১০০ | ৩৩৪০০ |
| গ্রেড-১০ | ১৬০০০ | ৪০০০ | ৮০০০ | ৭০০ | ১৫০০ | ০ | ০ | ২০৭০০ | ২৫৫০০ |
| গ্রেড-১১ | ১২৫০০ | ৩২০০ | ৬২৫০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৬৫৫০ | ২০৪৫০ |
| গ্রেড-১২ | ১১৩০০ | ২৯৫০ | ৫৬৫০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৫১০০ | ১৮৬৫০ |
| গ্রেড-১৩ | ১১০০০ | ২৮০০ | ৫৫০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৪৬৫০ | ১৮২০০ |
| গ্রেড-১৪ | ১০২০০ | ২৮০০ | ৫৪০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৩৮৫০ | ১৭৩০০ |
| গ্রেড-১৫ | ৯৭০০ | ২৬৯৫ | ৫৩৩৫ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৩২৪৫ | ১৬৭৩৫ |
| গ্রেড-১৬ | ৯৩০০ | ২৫৮৫ | ৫১১৫ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১২৭৩৫ | ১৬১১৫ |
| গ্রেড-১৭ | ৯০০০ | ২৫০০ | ৫০০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১২৩৫০ | ১৫৭০০ |
| গ্রেড-১৮ | ৮৮০০ | ২৫০০ | ৫০০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১২১৫০ | ১৫৫০০ |
| গ্রেড-১৯ | ৮৫০০ | ২৫০০ | ৫০০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১১৮৫০ | ১৫২০০ |
| গ্রেড-২০ | ৮২৫০ | ২৫০০ | ৫০০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১১৬০০ | ১৪৯৫০ |

(গ) অন্যান্য স্থানের জন্য ঃ

| গ্রেড | সংশোধিত মূল বেতন | বাড়ি ভাড়া | | চিকিৎসা ভাতা | | টিফিন ভাতা | | মোট সাকুল্য বেতন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৩০-৬-২০১৬ পর্যন্ত প্রদেয় | ০১/৭/২০১৬ হতে প্রদেয় | বিদ্যমান হার | বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | বিদ্যমান | বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | ৩০-৬-২০১৬ পর্যন্ত প্রদেয় | ০১/৭/২০১৬ হতে প্রদেয় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ (২+৩+৫+৭) | ১০ (২+৪+৬+৮) |
| গ্রেড-১ | ৭৮০০০ | ১৪০০০ | ২৭৩০০ | ৭০০ | ১৫০০ | ০০ | ০০ | ৯২৭০০ | ১০৬৮০০ |
| গ্রেড-২ | ৬৬০০০ | ১১৭২৫ | ২৩১০০ | ৭০০ | ১৫০০ | ০০ | ০০ | ৭৮৪২৫ | ৯০৬০০ |
| গ্রেড-৩ | ৫৬৫০০ | ১০১৫০ | ১৯৭৭৫ | ৭০০ | ১৫০০ | ০০ | ০০ | ৬৭৩৫০ | ৭৭৭৭৫ |
| গ্রেড-৪ | ৫০০০০ | ৯০১৩ | ১৭৫০০ | ৭০০ | ১৫০০ | ০০ | ০০ | ৫৯৭১৩ | ৬৯০০০ |
| গ্রেড-৫ | ৪৩০০০ | ৮৫০০ | ১৫০৫০ | ৭০০ | ১৫০০ | ০০ | ০০ | ৫২২০০ | ৫৯৫৫০ |
| গ্রেড-৬ | ৩৫৫০০ | ৭৪০০ | ১৪২০০ | ৭০০ | ১৫০০ | ০০ | ০০ | ৪৩৬০০ | ৫১২০০ |
| গ্রেড-৭ | ২৯০০০ | ৬০০০ | ১১৬০০ | ৭০০ | ১৫০০ | ০০ | ০০ | ৩৫৭০০ | ৪২১০০ |
| গ্রেড-৮ | ২৩০০০ | ৪৮০০ | ৯২০০ | ৭০০ | ১৫০০ | ০০ | ০০ | ২৮৫০০ | ৩৩৭০০ |
| গ্রেড-৯ | ২২০০০ | ৪৮০০ | ৮৮০০ | ৭০০ | ১৫০০ | ০০ | ০০ | ২৭৫০০ | ৩২৩০০ |
| গ্রেড-১০ | ১৬০০০ | ৩৬০০ | ৭২০০ | ৭০০ | ১৫০০ | ০০ | ০০ | ২০৩০০ | ২৪৭০০ |
| গ্রেড-১১ | ১২৫০০ | ২৮৮০ | ৫৬২৫ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৬২৩০ | ১৯৮২৫ |
| গ্রেড-১২ | ১১৩০০ | ২৬৫৫ | ৫০৮৫ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৪৮০৫ | ১৮০৮৫ |

| গ্রেড | সংশোধিত মূল বেতন | বাড়ি ভাড়া | | চিকিৎসা ভাতা | | টিফিন ভাতা | | মোট সাকুল্য বেতন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৩০-৬-২০১৬ পর্যন্ত প্রদেয় | ০১/৭/২০১৬ হতে প্রদেয় | বিদ্যমান হার | বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | বিদ্যমান | বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | ৩০-৬-২০১৬ পর্যন্ত প্রদেয় | ০১/৭/২০১৬ হতে প্রদেয় |
| গ্রেড-১৩ | ১১০০০ | ২৫০০ | ৪৯৫০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৪৩৫০ | ১৭৬৫০ |
| গ্রেড-১৪ | ১০২০০ | ২৫০০ | ৪৮০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৩৫৫০ | ১৬৭০০ |
| গ্রেড-১৫ | ৯৭০০ | ২৪৫০ | ৪৮৫০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১৩০০০ | ১৬২৫০ |
| গ্রেড-১৬ | ৯৩০০ | ২৩৫০ | ৪৬৫০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১২৫০০ | ১৫৬৫০ |
| গ্রেড-১৭ | ৯০০০ | ২২৫০ | ৪৫০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১২১০০ | ১৫২০০ |
| গ্রেড-১৮ | ৮৮০০ | ২২৫০ | ৪৫০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১১৯০০ | ১৫০০০ |
| গ্রেড-১৯ | ৮৫০০ | ২২৫০ | ৪৫০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১১৬০০ | ১৪৭০০ |
| গ্রেড-২০ | ৮২৫০ | ২২৫০ | ৪৫০০ | ৭০০ | ১৫০০ | ১৫০ | ২০০ | ১১৩৫০ | ১৪৪৫০ |

**শর্তাবলী ঃ**

(১) এ সাকুল্য বেতন গ্রেড অনুসারে ১ জুলাই, ২০১৫ তারিখে বেতন নির্ধারিত হবে এবং এই নির্ধারিত বেতন ১ জুলাই, ২০১৫ হতে প্রদান করা হবে। তবে, অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন,২০১৫ তারিখে প্রাপ্য অংকে ৩০ জুন, ২০১৬ পর্যন্ত প্রদান করা হবে।

(২) ০১/০৭/৯৭ তারিখের পূর্বে শুরু হওয়া প্রকল্পে স্কেলভিত্তিক নিয়োজিত জনবলের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল ২০১৫, ১ জুলাই, ২০১৫ হতে কার্যকর হবে।

(৩) সাকুল্য বেতন, ২০১৫ কার্যকর হবার তারিখ অর্থাৎ ১ জুলাই, ২০১৫ হতে মহার্ঘভাতা অবলুপ্ত হয়েছে বলে গণ্য হবে এবং ১ জুলাই, ২০১৫ হতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করতে হবে।

(৪) বর্ধিত সাকুল্য বেতন রাজস্ব বাজেটের আওতায় গৃহীত কর্মসূচী এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োজিত জনবলের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

(৫) বেতন বৃদ্ধির কারণে প্রয়োজনীয় বর্ধিত ব্যয় প্রকল্প/কর্মসূচির বিদ্যমান রাজস্বখাতের বরাদ্দের মধ্যেই সংস্থান করতে হবে এবং অনুমোদিত প্রকল্পের মূলধন খাতের বরাদ্দ হতে কোন অর্থ প্রদান করা যাবে না। তবে প্রকল্প/কর্মসূচির রাজস্ব খাতের বেতন-ভাতাদি উপখাতে প্রয়োজনীয় বরাদ্দ না থাকলে রাজস্ব খাতের অন্যান্য উপখাতসমূহের মধ্যে সমন্বয়ের মাধ্যমে বর্ধিত অর্থের সংস্থান করা যেতে পারে।

(৬) যে সকল প্রকল্পের জনবলের জন্য বাসস্থানের ব্যবস্থা রয়েছে সে সকল জনবলের ক্ষেত্রে উপরোক্ত সংশ্লিষ্ট ছকের ৩ ও ৪ নং কলাম প্রযোজ্য হবে না।

**উৎসব ভাতা/টি.এ.ডি.এ ঃ**

০১/০৭/২০১৬ তারিখ হতে উৎসব ভাতা প্রদান এবং টি.এ.ডি.এ নির্ধারণের ক্ষেত্রে উপরোক্ত ছকের ২ নং কলামে প্রদর্শিত প্রারম্ভিক বেতনকে মূল বেতন হিসেবে ধরা যেতে পারে। তবে ৩০/০৬/২০১৬ পর্যন্ত বিদ্যমান মূল বেতনের ভিত্তিতে উক্ত ভাতাদি প্রদেয় হবে।

**পাহাড়ী ভাতা ঃ**

পার্বত্য জেলাসমূহের জেলা সদর ও সদর উপজেলায় নিযুক্ত সকল কর্মচারীর জন্য মূল বেতনের ২০% হারে সর্বোচ্চ ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং অন্যান্য উপজেলার জন্য মূল বেতনের ২০% হারে সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পাহাড়িভাতা প্রদেয় হবে।

**যাতায়াত ভাতা ঃ**

সাকুল্য বেতন ছকের গ্রেড নং ১১-২০ ভুক্ত জনবলের ক্ষেত্রে সিটি কর্পোরেশন এলাকায় কর্মস্থল হলে তাঁরা যাতায়াত ভাতা বাবদ বিদ্যমান মাসিক ১৫০/- টাকার স্থলে ৩০০/- টাকা ০১/০৭/২০১৬ তারিখ হতে প্রাপ্য হবে।

শিক্ষা সহায়কভাতা ঃ

(১) সকল কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচ শত) টাকা হারে এবং অনধিক ২(দুই) সন্তারের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হবে, তবে স্বামী ও স্ত্রী উভয়ই প্রকল্পে কর্মরত হলে সন্তানের সংখ্যা যে কোন একজনের ক্ষেত্রেই গণনা করে ভাতার পরিমাণ নির্ধারণ করতে হবে।

(২) বয়সের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ২১ (একুশ) বৎসর পর্যন্ত বয়সী সন্তানেরা শিক্ষা সহায়কভাতা প্রাপ্য হবে।

(৩) শিক্ষা সহায়কভাতার বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪/১০/২০১৫ খ্রি: তারিখের ০৭.১৭৩.০৩১.০২.০০.০৩০.২০১০-৭৯ নং স্মারক অনুসরণ করতে হবে।

বাংলা নববর্ষভাতা ঃ

(১) কর্মরত জনবল আহরিত মূল বেতনের ২০% হারে বাংলা নববর্ষভাতা প্রাপ্য হবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বাংলা নববর্ষভাতা ১৪২৩ বঙ্গাব্দ হতে প্রবর্তিত হবে।

(৩) বাংলা নববর্ষভাতা পাবার ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪/১০/২০১৫ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮ নং প্রজ্ঞাপন অনুসরণ করতে হবে।

ভাতাদির প্রাপ্যতা ঃ

(১) ১ জুলাই ২০১৬ তারিখ হতে প্রযোজ্য ক্ষেত্রে বর্ধিত হারে বা ক্ষেত্রমত টাকার অংকে নির্ধারিত ভাতাদি প্রদেয় হবে।

(২) ১ জুলাই ২০১৫ তারিখ হতে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত সময়কালে নব-নিয়োগপ্রাপ্ত জনবল সাকুল্য বেতন,২০১৫ অনুযায়ী প্রাপ্য বেতন আহরণ করবে এবং অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন ২০১৫ তারিখে নিয়োগপ্রাপ্ত হলে যে হারে ভাতাদি প্রাপ্ত হতেন সে হারে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত আহরণ করবেন।

আয়কর ঃ

আয়করের আওতাভুক্ত সকল জনবল বাধ্যতামূলকভাবে আয়কর আইনের বিধান মোতাবেক নিজের বেতন খাতের আয়করসহ মোট আয় নিরুপন ও নিজস্ব আয় হতে আয়কর পরিশোধপূর্বক যথাসময়ে আয়কর রিটার্ন দাখিল করতে হবে।

১৪.১.১৬

(রুবীনা আমীন)
অতিরিক্ত সচিব

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, ............................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩। সদস্য, ...........................................................বিভাগ, (সকল), পরিকল্পনা কমিশন।
৪। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ........................................................মন্ত্রণালয়/বিভাগ।

নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ তারিখঃ ১৪/০১/২০১৬ খ্রি:

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে)

১। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ঢাকা।
২। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)।

(মোঃ হেলাল উদ্দীন) ১৪.০১.২০১৬

সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩১৭০ তারিখঃ ১১/১০/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমনভাতা খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় গ্রামের অসহায় ও দরিদ্র মহিলাদের সংগঠিত করে সমিতি গঠন এবং বিভিন্ন আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের কর্মপরিধি বৃদ্ধি পাওয়ায় উপজেলা পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীগণকে অধিক হারে কর্ম এলাকায় ভ্রমন করতে হয় বিধায় জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমনভাতা খাতে বরাদ্দকৃত অর্থে ব্যয় নির্বাহ করা সম্ভব হচ্ছে না। সেই প্রেক্ষিতে প্রকল্পের কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নের লক্ষ্যে জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমনভাতা খাতে মাসিক বাজেট বরাদ্দ বৃদ্ধি করে নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলোঃ

| ক্রমিক নং | পদবী | বাজেট বরাদ্দের পরিমান | | |
|---|---|---|---|---|
| | | জ্বালানী | দৈনিক ভাতা | ভ্রমন ভাতা |
| ১ | সহকারী পল্লী উন্নয়ন অফিসার | ২০০০/- | ১০০০/- | - |
| ২ | হিসাব সহকারী | - | ৩০০/- | ৫০০/- |
| ৩ | মাঠ সংগঠক | - | - | ১৫০০/- |
| | মোট = | ২০০০/- | ১৩০০/- | ২০০০/- |

২। প্রকল্পভূক্ত মনপুরা, কলাপাড়া, দশমিনা, মেহেন্দীগঞ্জ, মুলাদী, কয়রা, পাইকগাছা ও মঠবাড়িয়া উপজেলা প্রত্যন্ত অঞ্চল হওয়ায় এবং অনুন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে কর্মকর্তা-কর্মচারীদের কর্মএলাকায় ভ্রমনে জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমনভাতা খাতে অন্যান্য উপজেলার তুলনায় ব্যয় অধিক হওয়ায় উল্লেখিত ০৮ (আট) টি উপজেলায় বর্ণিত খাতে মাসিক বাজেট বরাদ্দ বৃদ্ধি করে নিম্নরুপ নির্ধারণ করা হলোঃ

| ক্রমিক নং | পদবী | বাজেট বরাদ্দের পরিমান | | |
|---|---|---|---|---|
| | | জ্বালানী | দৈনিক ভাতা | ভ্রমন ভাতা |
| ১ | সহকারী পল্লী উন্নয়ন অফিসার | ২০০০/- | ১০০০/- | ৫০০/- |
| ২ | হিসাব সহকারী | - | ৫০০/- | ৭০০/- |
| ৩ | মাঠ সংগঠক | - | - | ২০০০/- |
| | মোট = | ২০০০/- | ১৫০০/- | ৩২০০/- |

৩। জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমনভাতা খাতে এ বাজেট বরাদ্দ অক্টোবর/২০১৫ খ্রিস্টাব্দ হতে কার্যকর হবে। জ্বালানী খাতে ব্যয় নির্বাহের ক্ষেত্রে লগ বহি ব্যবহার নিশ্চিত করতে হবে। দৈনিকভাতা ও ভ্রমনভাতার ক্ষেত্রে ভ্রমন বিবরনী ও ভ্রমন বিল অনুমোদন পূর্বক ব্যয় নির্বাহ করতে হবে। কোন ভাবেই বেতন বিল বা মাস্টাররোলের মাধ্যমে দৈনিকভাতা ও ভ্রমনভাতা পরিশোধ করা যাবে না।

৪। এ পত্রটি বিগত ১৫/৯/২০১৫ খ্রিস্টাব্দ তারিখে স্মারক নং ৩১০০ মূলে জারীকৃত পত্রের ০৮ নং নির্দেশাবলীর (জ্বালানী, দৈনিকভাতা ও ভ্রমনভাতা বিষয়ক) সংশোধনী হিসেবে গণ্য হবে।

১১/১০/১৫
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
উপজেলাঃ------------------
জেলাঃ--------------------

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ
১। উপপরিচালক, বিআরডিবি, ---------------জেলা।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ ------------, জেলাঃ --------- ।
৬। হিসাব সহকারী/মাঠ সংগঠক (সকল), (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ ------------, জেলাঃ --------- ।
৭। অফিস কপি।